নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম উৎপাদিত ফল অথবা শস্যের অর্ধেক প্রদানের চুক্তিতে খাইবারের জনগণকে কৃষিকাজে নিয়োগ করেছিলেন।

আব্দুল্লাহ ইবন উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, “নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম উৎপাদিত ফল অথবা শস্যের অর্ধেক প্রদানের চুক্তিতে খাইবারের জনগণকে কৃষিকাজে নিয়োগ করেছিলেন।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

খাইবার জনপদটি কৃষিপ্রধান এলাকা, যেখানে ইয়াহূদীদের একটি জামাত বসবাস করতো। নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম সপ্তম হিজরীতে যখন খাইবার বিজয় করেন তখন তিনি সেখানকার জমি ও শস্যক্ষেত বিজয়ীদের মাঝে বণ্টন করে দেন। কিন্তু বিজয়ী সাহাবীগণ আল্লাহর রাস্তায় জিহাদ ও আল্লাহ তা‘আলার পথে দাওয়াতী কাজে ব্যস্ত থাকায় তাদের পক্ষে কৃষি ও ফসল উৎপাদন কাজ করা সম্ভব ছিলো না। তাছাড়া খাইবারে বসবাসকারী ইয়াহূদী সম্প্রদায় দীর্ঘদিন যাবত কৃষিকাজে দক্ষ ছিলো। এ কারণে নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম কাজের বিনিময়ে উৎপাদিত ফল অথবা শস্যের অর্ধেক প্রদানের চুক্তিতে সেখানকার অধিবাসীদের কাছে ভূমি চাষাবাদ ও সেচকাজের দায়িত্ব প্রদান করেন। আর অবশিষ্ট অর্ধেক ফসল পাবে মুসলিমগণ, যেহেতু তারা মূল ভূমির মালিক।

http://sunnah.global/hadeeth/bn/show/6023